

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.১১০.১৫/১৬৮৭ হি-১

তারিখঃ ০১/০২/১৫২৬ বঃ  
২৫/০৭/২০১৯ খ্রিঃ

বরাবর

সিনিয়র সহকারী প্রধান  
পরিকল্পনা শাখা-২  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়ঃ** গণপূর্ত অধিদপ্তরের আওতায় বাস্তবায়নধীন “মাদারীপুরে সরকারি অফিস সমূহের জন্য বহুতল ভবন নির্মাণ” শীর্ষক অনুমোদিত প্রকল্পের (প্রকল্প কোড-২২৪০২৮৯০০) অনুকূলে ২০১৮-২০১৯ আর্থিক সালে এডিপিতে বরাদ্দকৃত অর্থের অব্যয়িত অর্থ সমর্পণ।

**সূত্রঃ** (১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল গণপূর্ত সার্কেল, বরিশাল এর স্মারক নং-১৩৫৮ তারিখঃ ১৬/০৮/২০১৮ খ্রিঃ এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-১২৭ তারিখঃ ১৯/০৩/২০১৯ খ্রিঃ।  
(২) এ দপ্তরের স্মারক নং-১৪৩ হি-১ তারিখঃ ২৪/০৯/২০১৮ খ্রিঃ এবং নং-১৫৩৪ হি-১ তারিখঃ ১৮/০৪/২০১৯ খ্রিঃ।  
(৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গোপালগঞ্জ গণপূর্ত সার্কেল, গোপালগঞ্জ এর স্মারক নং-৮২২ তারিখঃ ০৫/০৫/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারক পত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্ণিত প্রকল্পে চলতি ২০১৮-২০১৯ আর্থিক সালের মূল এডিপি বরাদ্দ ২০০০.০০ লক্ষ (আবর্তক ৩৮.০০ লক্ষ এবং মূলধন ১৯৬২.০০ লক্ষ) টাকা হতে সূত্রস্থ ১নং স্মারক পত্রদ্বয়ের মাধ্যমে ১ম হতে ৩য় কিস্তিতে মোট ১৪৮১.০০ লক্ষ (আবর্তক-৯.৫০ লক্ষ এবং মূলধন ১৪৭১.০০ লক্ষ) টাকা ছাড় করা হয়, যা যথারীতি সূত্রস্থ ২নং স্মারক পত্রদ্বয়ের মাধ্যমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গোপালগঞ্জ গণপূর্ত সার্কেল, গোপালগঞ্জ এর নিকট বরাদ্দ প্রদান করা হয়েছে। বর্ণিত প্রকল্পের অনুকূলে চলতি ২০১৮-২০১৯ আর্থিক সালে সংশোধিত এডিপিতে ১৫০৪.০০ লক্ষ (আবর্তক-৪.০০ লক্ষ এবং মূলধন ১৫০০.০০ লক্ষ) টাকা বরাদ্দ রাখা হয়েছে। সুতরাং সংশোধিত বাজেট বরাদ্দের মধ্যে ব্যয় সীমাবদ্ধ রাখার লক্ষ্যে বর্ণিত প্রকল্পের ছাড়কৃত অর্থ হতে আবর্তক খাতে অব্যয়িত মোট ৫.৫০ লক্ষ (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা সূত্রস্থ ৩নং স্মারক পত্রের অনুরোধের প্রেক্ষিতে তার নিকট সমর্পণ করা হলো।

এমতাবস্থায়, সমর্পণ পত্রটি গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(আশেক আহমেদ শিবলী)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমস্বয়)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪

coord@pwd.gov.bd

তারিখঃ ০১/০২/১৫২৬ বঃ  
২৫/০৭/২০১৯ খ্রিঃ

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.১১০.১৫/১৬৮৭(১) হি-১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গোপালগঞ্জ গণপূর্ত জোন, গোপালগঞ্জ।
- ৪। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমস্বয়)/ (মনিটরিং এন্ড অডিট), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গোপালগঞ্জ গণপূর্ত সার্কেল, গোপালগঞ্জ।
- ৭। মুখ্য সচিব, বাজেট অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। উপ সচিব, বাজেট অধিশাখা-২৪, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১০। নির্বাহী প্রকৌশলী, মাদারীপুর গণপূর্ত বিভাগ, মাদারীপুর।
- ১১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এমআইএস (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম) বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, ঢাকা।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মাদারীপুর।
- ১৪। তত্ত্বাবধায়ক, উন্নয়ন শাখা-৩/ প্রগতি শাখা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৫। গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

(আশেক আহমেদ শিবলী)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪